যায়যায়দিন

তারিখ ...... 4 JAN 2010 ......
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৪ ......

# এসএসসি পরীক্ষা ১ ফেব্রুয়ারি শুরু

## নকল বরদাশত করা হবে না : শিক্ষামন্ত্রী

যাযাদি রিপোর্ট

এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে ১ ফেব্রুয়ারি থেকে। এ পরীক্ষা শতভাগ নকলমুক্ত করতে সর্বাত্মক প্রয়াস চালানো হবে। আইন লঙ্ঘনকারীদের কোনোভাবেই বরদাশত করা হবে না। এবারই প্রথম বাংলা ও ধর্ম বিষয় সৃজনশীল পদ্ধতিতে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এ ঘোষণা দিয়েছেন।

তিনি রোববার মন্ত্রণালয়ের সভাকক্ষে সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রক ও বিভিন্ন জেলার অতিরিক্ত জেলা প্রশাসকের (শিক্ষা) সঙ্গে ২০১০ সালের পরীক্ষার এক প্রস্তুতিসভায় শিক্ষামন্ত্রী এ ঘোষণা দেন।

এবারের এসএসসি ও সমমানের পরীক্ষা শতভাগ নকলমুক্ত পরিবেশে সম্পন্ন করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ সাংবাদিকদের বলেন, এজন্য জনমত

এসএসসি : পৃষ্ঠা ১৫ কলাম ৫

## এসএসসি : পরীক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

গঠনের উদ্যোগ নেয়া হবে। পরীক্ষা হবে শতভাগ নকলমুক্ত পরিবেশে।

তিনি বলেন, মেয়ে পরীক্ষার্থীরা কোনোভাবেই সঙ্গে কোনো ব্যাগ রাখতে পারবে না। পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট ছাড়া কেউ পরীক্ষার হলে প্রবেশ করতে পারবে না। মন্ত্রী জনপ্রতিনিধি, রাজনীতিবিদ, সমাজসেবীসহ সর্বস্তরের স্থানীয় জনগণকে নকলমুক্ত পরীক্ষার পরিবেশ নিশ্চিত করতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের আহ্বান জানান।

বিভিন্ন বোর্ডসূত্রে প্রাপ্ত তথ্যানুযায়ী এবারের এসএসসি পরীক্ষায় ঢাকা বোর্ড থেকে দুই লাখ ৭২ হাজার ৮৩ জন, কুমিল্লা বোর্ড থেকে এক লাখ দুই হাজার ৩২৩ জন, চট্টগ্রাম বোর্ড থেকে ৬৮ হাজার ৩৩৯ জন, সিলেট বোর্ড থেকে ৪১ হাজার ১৬৯ জন, রাজশাহী বোর্ড থেকে এক লাখ ৩৪ হাজার ৬৮৭ জন, দিনাজপুর বোর্ড থেকে এক লাখ ১৮ হাজার ২২৫ জন, যশোর বোর্ড থেকে এক লাখ ২৪ হাজার ১১৬ জন, বরিশাল বোর্ড থেকে ৫৫ হাজার ৫৭৫ জন, কারিগরি বোর্ড থেকে ৭৪ হাজার ৭২০ জন এবং মাদ্রাসা বোর্ড থেকে দুই লাখ ১১ হাজার ৫১৭ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।